মাইলস্টোনের শিক্ষিকা মাহেরীন চৌধুরী পাচ্ছেন মরণোত্তর স্বাধীনতা পুরস্কার



সংগৃহীত ছবি

জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে এ বছর ১৫ জন বিশিষ্ট ব্যক্তি ও ৫টি প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। তাদের মধ্যে ঢাকার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় নিহত শিক্ষিকা মাহেরীন চৌধুরীকেও মরণোত্তর স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে।

বৃহস্পতিবার (৫ মার্চ) সরকারের অতিরিক্ত সচিব মো. হুমায়ুন কবির স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

মাহেরীন চৌধুরীর গ্রামের বাড়ি নীলফামারীর জলঢাকা উপজেলার বগুলাগাড়ি গ্রামে। তিনি ঢাকার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে ইংরেজি বিভাগের শিক্ষিকা ছিলেন। গত বছরের ২১ জুলাই উত্তরায় প্রতিষ্ঠানটির একটি ভবনে প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হলে আগুন ছড়িয়ে পড়ে। সেই সময় শিক্ষার্থীদের নিরাপদ স্থানে সরিয়ে নিতে গিয়ে নিজেই গুরুতর দগ্ধ হন তিনি। পরে তাকে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হলেও সেদিন রাতেই লাইফ সাপোর্টে থাকা অবস্থায় মারা যান। নিজের জীবন ঝুঁকিতে ফেলে অন্তত ২০ শিক্ষার্থীকে নিরাপদে সরিয়ে নেওয়ার ঘটনায় তিনি সাহসিকতার এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেন।

তার স্বামী মনসুর হেলাল বলেন, সরকার মরণোত্তর এই সম্মান দেওয়ায় তিনি কৃতজ্ঞ এবং মাহেরীনের স্মৃতি সংরক্ষণে এ উদ্যোগকে ইতিবাচক হিসেবে দেখছেন।

LENS ASIA